

# জাবিতে 'নয়া ইসলামি সভ্যতা বিনির্মাণ' শীর্ষক সেমিনার

অনলাইন ডেক্স

১১ ডিসেম্বর,  
২০২৪ ২২:০৭

শেয়ার

অ +

অ -



যারা ইসলামকে অনুসরণ করে তারাই মুসলিম উম্মাহ। অর্থাৎ যারা লক্ষ্য অর্জনের জন্য একই পথ অনুসরণ করে। আর যারা লক্ষ্য অর্জনের জন্য একই পথ অনুসরণ করবে তারা অবশ্যই ঐক্যবদ্ধ জাতিতে পরিণত হবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে 'মুসলিম উম্মাহ গঠন : নয়া ইসলামি সভ্যতা বিনির্মাণের পূর্বশর্ত' শীর্ষক সেমিনারে এসব কথা বলেন বক্তৃরা।

আজ বুধবার ঢাকায় ইরান সাংস্কৃতিক কেন্দ্র ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের যৌথ উদ্যোগে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনার আয়োজনে সহযোগিতা করে ফিলসোফি স্টুডেন্ট ইউনিয়ন।

বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের সহকারী অধ্যাপক ও ফিলোসফি স্টুডেন্ট ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোহাম্মদ উল্লাহর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকায় ইরান সাংস্কৃতিক কেন্দ্রের কালচারাল কাউন্সেলর সাইয়েদ রেজা মীর মোহাম্মদী। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো. মুনির হোসেন তালুকদার এবং ইতিহাস বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ গোলাম রব্বানি।

সেমিনারে বক্তারা আরো বলেন, বিভেদ-বিভাজন আজ মুসলমানদের প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। মুসলমানরা যদি এক্যবন্ধ হতে পারে, সত্যিকার ইসলামি উম্মাহ হিসেবে আত্মপ্রকাশ করতে পারে; তাহলেই কেবল নয়া ইসলামি

সভ্যতা বিনির্মাণ সন্দৰ্ভ। যেখানে থাকবে না কোনো সংঘাত, হানাহানি। যে সভ্যতায় কেবলই বিরাজ করবে শান্তি ও সমৃদ্ধি।